সর্বোচ্চ অবস্থানে ব্লু-চিপ ও শরিয়াহ সূচক

গেল বছরের ধারাবাহিকতায় ২০১৮ সালেও ইতিবাচক প্রবণতায় লেনদেন শুরু হয়েছে দেশের শেয়ারবাজারে। বছরের প্রথম দিন থেকে গতকাল পর্যন্ত টানা তৃতীয় দিনের মতো বেড়েছে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) সূচক। ডিএসইর প্রধান সূচক ডিএসইএক্স ৬ হাজার ৩০০ পয়েন্ট অতিক্রম করার পাশাপাশি গতকাল সর্বোচ্চ অবস্থানে পৌঁছেছে ব্লু-চিপ সূচক ডিএসই-৩০। একই সঙ্গে ডিএসই শরিয়াহ সূচক ডিএসইএসও গতকাল সর্বোচ্ছে অবস্থান করছে।বাজার পর্যবেক্ষণে দেখা গেছে, বছরের প্রথম দিন ডিএসইএক্স ৬ হাজার ২৪৪ পয়েন্টে লেনদেন শুরু হওয়ার পর গতকাল তা ৬ হাজার ৩১৮ পয়েন্টে উন্নীত হয়েছে। সপ্তাহের তৃতীয় কার্যদিবসে দেশের প্রধান শেয়ারবাজার ডিএসইতে সূচকের উর্ধ্বমুখী প্রবণতায় লেনদেন হয়েছে। দিনের শুরু থেকেই ব্যাংক, প্রকৌশল, জ্বলানি ও বিদ্যুৎ এবং তথ্যপ্রযুক্তি খাতের শেয়ারে ক্রয় চাপে টানা বাড়তে থাকে সূচক। দিন শেষে সূচকের পাশাপাশি বেশির ভাগ কোম্পানির শেয়ারদর বেড়েছে। গতকাল ডিএসইতে মোট লেনদেন হয়েছে ৫৭৬ কোটি ৫৭ লাখ ২৫ হাজার টাকার শেয়ার।http://bonikbarta.net

মূল্যসংবেদনশীল তথ্য নেই ড্রাগন সোয়েটারের

ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) এক সপ্তাহের ব্যবধানে ড্রাগন সোয়েটার অ্যান্ড স্পিনিং লিমিটেডের শেয়ারদর ২০ দশমিক ১২ শতাংশ বেড়েছে। তবে এর নেপথ্যে কোনো অপ্রকাশিত মূল্যসংবেদনশীল তথ্য নেই বলে স্টক এক্সচেঞ্জ কর্তৃপক্ষের চিঠির জবাবে জানিয়েছে কোম্পানিটি।বাজার পর্যবেক্ষণে দেখা যায়, ডিএসইতে ২০১৭ সালের ২৪ ডিসেম্বর ড্রাগন সোয়েটারের শেয়ারদর ছিল ১৬ টাকা ৯০ পয়সা। ২০১৮ সালের ২ জানুয়ারি তা ১৬ টাকা ৯০ পয়সায় উন্নীত হয়।http://bonikbarta.net

জাতীয় ডেইরি উন্নয়ন ফোরামের আনুষ্ঠানিক যাত্রা

দেশের দুগ্ধ খাতের উন্নয়নে আনুষ্ঠানিকভাবে যাত্রা করল 'জাতীয় ডেইরি উন্নয়ন ফোরাম'। সম্প্রতি রাজধানীর মহাখালীতে অক্সফাম ইন বাংলাদেশের অফিসে একটি কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়। একই সঙ্গে সাত সদস্যবিশিষ্ট একটি উপদেষ্টা কমিটিও গঠন করা হয়। কার্যনির্বাহী কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন সংসদ সদস্য অ্যাডভোকেট উম্মে কুলসুম স্মৃতি। সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন ব্র্যাক ডেইরি অ্যান্ড ফুডের পরিচালক মোহাম্মদ আনিছুর রহমান।১৩ সদস্যবিশিষ্ট কার্যনির্বাহী কমিটির সহসভাপতি হয়েছেন প্রাণ-আরএফএল গ্রুপের পরিচালক (করপোরেট ফিন্যান্স) উজমা চৌধুরী ও বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠানের সাবেক মহাপরিচালক ড. কাজী মো. ইমদাদুল হক। যুগ্ম সম্পাদক হয়েছেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. কেবিএম সাইফুল ইসলাম। এছাড়া অক্সফাম ইন বাংলাদেশের প্রোগ্রাম ম্যানেজার ড. খালিদ হোসেন সাংগঠনিক সম্পাদক ও হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট সেন্টারের গবেষণা পরামর্শক শেখ আলী আহমেদ টুটুল কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন। কার্যনির্বাহী কমিটির অন্য সদস্যরা হলেন— প্রাণ ডেইরি লিমিটেডের চিফ ডেইরি এক্সটেনশন ডা. মো. রাকিবুর রহমান, কেয়ার বাংলাদেশের পরিচালক আনোয়ারুল হক, সিনিয়র ডেইরি কনসালট্যান্ট ড. মো. জাহিদ হোসেন, বাংলাদেশ প্রাণিসম্পদ অধিদপ্তরের (সিসিএসি প্রকল্প) সহকারী প্রকল্প পরিচালক ড. গোলাম রাব্বানী ও ডেইরি উদ্যোক্তা মো. মোসফিকুর রহমান দিপু।http://bonikbarta.net

অগ্রাধিকারমূলক' প্রকল্পের কাজ শুরু হয়নি পাঁচ মাসেও

১০ বছরে চট্টগ্রাম বন্দর দিয়ে কনটেইনার পরিবহন বেড়েছে ১০০ শতাংশের বেশি। অথচ এ প্রবৃদ্ধির সঙ্গে তাল মিলিয়ে উল্লিখিত সময়ে নতুন কোনো জেটি বা টার্মিনাল নির্মাণ করতে পারেনি বন্দর কর্তৃপক্ষ। এ-সংক্রান্ত বহু পরিকল্পনার কথা শোনানো হলেও কাজ হয়নি কিছুই। তবে সংকট প্রকট হওয়ায় এখন অগ্রাধিকার ভিত্তিতে পতেঙ্গা কনটেইনার টার্মিনাল (পিসিটি) নির্মাণের উদ্যোগ নিয়েছে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।আগামী বছরের ডিসেম্বরের মধ্যে টার্মিনালটির নির্মাণকাজ শেষ করার লক্ষ্য নিয়ে গত ১৩ জুন প্রকল্পের প্রশাসনিক অনুমোদন দেয় নৌ-পরিবহন মন্ত্রণালয়। চলতি বছরের জুলাইয়ে প্রকল্পটির নির্মাণকাজ শুরুর কথা ছিল। অথচ অনুমোদনের পাঁচ মাস পেরিয়ে গেলেও এখনো গুরুত্বপূর্ণ এ প্রকল্পের প্রজেক্ট ডিরেক্টরই নিয়োগ করতে পারেনি বন্দর কর্তৃপক্ষ।http://bonikbarta.net

চীনা মুদ্রায় দ্বিপক্ষীয় বাণিজ্যের অনুমোদন পাকিস্তানের

পাকিস্তানের কেন্দ্রীয় ব্যাংক চীনের সঙ্গে দ্বিপক্ষীয় বাণিজ্যে ও দুই দেশের মধ্যে বিনিয়োগ কার্যক্রমে চীনের মুদ্রা ইউয়ানকে অনুমোদন করেছে। ফলে দেশটিতে ডলারের পাশাপাশি বৈদেশিক মুদ্রা হিসেবে ইউয়ান ব্যবহার বৈধতা পেল। সিদ্ধান্তটি এমন একসময় এল, যার মাত্র একদিন আগে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প টুইটারে এক বার্তায় ইসলামাবাদের অনুকূল সাহায্য বন্ধ করে দেয়ার হুমকি দিয়েছিলেন। খবর দ্য ডন, সিনহুয়া, নিউজ এইটিন।মঙ্গলবার বিকালে স্টেট ব্যাংক অব পাকিস্তানের (এসবিপি) এক্সটার্নাল রিলেশনস ডিপার্টমেন্টের এক ঘোষণায় বলা হয়, আর্থিক ও মুদ্রা বাজারের নীতিনির্ধারণের অংশ হিসেবে সিদ্ধান্ত নেয়া হয়েছে— এখন থেকে আমদানি, রফতানি এবং আর্থিক লেনদেনের জন্য চীনা ইউয়ান ব্যবহার করা যাবে। সরকারি ও ব্যক্তিগত উভয় খাতেই (উদাহরণস্বরূপ পাকিস্তান ও চীন উভয় দেশেই) দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ কার্যক্রমের জন্য ইউয়ান ব্যবহার করা যাবে।http://bonikbarta.net

মূল্যবৃদ্ধিতে প্রভাব ফেলবে ভূরাজনীতি

চরম রাজনৈতিক সংকট বিরাজ করছে ইরানে। সরকারবিরোধী বিক্ষোভে উত্তাল রাজধানী তেহরানের রাজপথ। এখন পর্যন্ত নিরাপত্তা বাহিনীর সদস্যসহ ১৪ জনের মৃত্যুর খবর মিলেছে। আটক হয়েছে পাঁচ শতাধিক বিক্ষোভকারী। চলমান বিক্ষোভের প্রভাব শুধু রাজনীতিতেই সীমাবদ্ধ নেই। আঁচ লেগেছে জ্বালানি তেলের আন্তর্জাতিক বাজারেও। অপরিশোধিত জ্বালানি তেল রফতানিকারকদের তালিকায় সপ্তম অবস্থানে থাকা ইরানে চলমান বিক্ষোভের জের ধরে সরবরাহ সংকটের আশঙ্কা থেকে আন্তর্জাতিক বাজারে পণ্যটির দাম ২০15 সালের মাঝামাঝি সময়ের পর সর্বোচ্চে উঠেছে। দীর্ঘমেয়াদে বিক্ষোভ চললে আগামী দিনগুলোতেও পণ্যটির দামে তেজিভাব বজায় থাকবে। একই সঙ্গে আগামী দিনগুলোয় আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত জ্বালানি তেলের দাম বৃদ্ধির ক্ষেত্রে ইরান ও উত্তর কোরিয়ার ভূরাজনৈতিক বিষয়াদি সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রভাবক হিসেবে ভূমিকা রাখতে যাচ্ছে বলে মনে করছেন খাত সংশ্লিষ্টরা। খবর রয়টার্স ও অয়েলপ্রাইস ডটকম।http://bonikbarta.net

আগ্রাসী ঋণ বন্ধের নির্দেশ গভর্নরের

গত বছরে দুটি ব্যাংকের পরিচালনা পর্ষদে আকস্মিকভাবে বড় পরিবর্তন হয়েছে। ওই পরিবর্তনের ফলে চাকরি হারাতে হয়েছে শীর্ষ নির্বাহীদেরও। তাই ব্যাংক খাতে আকস্মিক পরিবর্তনের ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকরা (এমডি)। অস্বাভাবিক

পরিবর্তন ঠেকাতে কেন্দ্রীয় ব্যাংকের সহযোগিতা চেয়েছেন এমডিরা। গতকাল বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত ব্যাংকার্স সভায় গভর্নর ফজলে কবিরের কাছে বিষয়টি তুলে ধরেন বাণিজ্যিক ব্যাংকগুলোর এমডিদের সংগঠন অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশ (এবিবি)। বিষয়টি দেখবেন বলে আশ্বস্ত করেছেন গভর্নর। এ ছাড়া আগ্রাসীভাবে ঋণ বিতরণ বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। তারল্য সংকটের আশঙ্কায় ঋণ বিতরণের অনুমোদিত মাত্রাও কমিয়ে আনা হচ্ছে।http://www.kalerkantho.com